# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**16-05-2026** **Time: 1.40 PM**

বিশেষ বিশেষ খবরঃ-

১) মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আজ দক্ষিণ ২৪ পরগণার ডায়মন্ড হারবারে প্রশাসনিক বৈঠক করছেন।

২) সরকার, ২০১১ সালের পর থেকে রাজ্যে ইস্যু হওয়া সমস্ত জাতিগত শংসাপত্র পুনরায় যাচাই করার নির্দেশ দিয়েছে।

৩) রাজ্যে বিকশিত ভারত জি রাম জি আইন খুব শীঘ্রই কার্যকর হবে বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানিয়েছেন।

৪)পশ্চিম বর্ধমানের আসানসোলের জাহাঙ্গির মহল্লায় লাউড স্পিকার ব্যবহার সংক্রান্ত সরকারের সাম্প্রতিক নির্দেশ নিয়ে প্রশাসন ও স্থানীয় বাসিন্দাদের মধ্যে তুলাকালাম। পুলিশ ফাঁড়িতে হামলার অভিযোগে ৭ জন আটক।

৫) স্নাতক স্তরে ভর্তির জন্য কেন্দ্রীয়ভাবে অনলাইন পোর্টালে সোমবার থেকে আবেদন জানানো যাবে।

৬) ফলহারিনী কালীপুজোয় আজ বিভিন্ন কালি মন্দিরে ভক্তদের ভিড়।

৭) আইপিএল ক্রিকেটে ইডেনে আজ কলকাতা নাইট রাইডার্স খেলবে গুজরাট টাইট্যান্সের বিরুদ্ধে।

oooooooooooooooooooooo

দায়িত্বভার গ্রহণের পর মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আজ দক্ষিণ ২৪ পরগণার ডায়মন্ড হারবারে জেলা প্রশাসনিক আধিকারিকদের সঙ্গে বৈঠকে বসেছেন। ডায়মন্ড হারবার, সুন্দরবন ও

বারুইপুর পুলিশ জেলার পুলিশ আধিকারিক এবং দক্ষিণ ২৪ পরগণার জেলা প্রশাসনের শীর্ষ আদিকারিকরা সেখানে উপস্থিত রয়েছেন।

রাজ্য সরকারের ঘোষণার পরে বেআইনি গরু পাচারের বিরুদ্ধে নেওয়া ব্যবস্থা, ধৃতের সংখ্যা, কত পরিমাণ আগ্নেয়াস্ত্র বোমা-গুলি বাজেয়াপ্ত করা হয়েছে এবং ধর্মীয় স্থানে মাইক বাজানো নিয়ে কি ব্যবস্থা নেওয়া হয়েছে, তা সব জেলা ও পুলিশ কমিশনারেটকে রিপোর্ট আকারে জানাতে হবে।

এরপর শুভেন্দু অধিকারী ফলতায় আগামী ২১ তারিখ নির্বাচন উপলক্ষ্যে বিজেপি প্রার্থী দেবাংশু পাণ্ডার সমর্থনে কর্মীসভায় যোগ দেবেন বলে বলে জানা গেছে।

oooooooooooooooooooooooo

রাজ্যের দক্ষিণবঙ্গের পাঁচ জেলায় বিভিন্ন সরকারি উন্নয়নমূলক প্রকল্পের কাজের অগ্রগতি নিয়ে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী বৈঠকে বসতে চলেছেন। আগামী একুশ তারিখ পুরুলিয়া,বাঁকুড়া, বীরভূম এবং দুই বর্ধমান জেলার সঙ্গে আয়োজিত এই বৈঠকে উপস্থিত থাকার জন্য সংশ্লিষ্ট জেলাশাসক ও জেলা পুলিশ সুপারদের নির্দেশ দেওয়া হয়েছে। একাধিক প্রকল্পের কাজের অগ্রগতি নিয়ে রিপোর্ট পেশ ছাড়াও বিভিন্ন কেন্দ্রীয় প্রকল্পের সুবিধা সাধারণ মানুষের কাছে পৌঁছে দেওয়ার বিষয়ে সেখানে আলোচনা হতে পারে। নবনির্বাচিত বিধায়কদের কাছ থেকেও নতুন কাজের প্রস্তাব চাওয়া হয়েছে।

oooooooooooooooooooooooo

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আজ বিজেপি নেতা, প্রবীণ অভিনেতা মিঠুন চক্রবর্তীর সঙ্গে সাক্ষাৎ করেছেন। সকালে নিউটাউনে অভিনেতার বাড়িতে যান তিনি। ঘন্টাখানেক তাদের মধ্যে কথা হয়। পরে মুখ্যমন্ত্রী বলেন, মিঠুন চক্রবর্তী রাজ্যে পরিবর্তনের অন্যতম কারিগর।

oooooooooooooooooooooooo

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর ওপর প্রাণঘাতী হামলার হুমকি মেইল পাঠানোর অভিযোগে গার্ডেনরিচ থেকে এক যুবককে পুলিশ গ্রেপ্তার করেছে। গত ১৪ ই মে ভবানীপুর থানার ওসির কাছে একটি মেইল যায়। সেখানেই মুখ্যমন্ত্রীর ওপর আত্মঘাতী বোমা বিস্ফোরণের হুমকি দেওয়া হয়। এরপরই ভবানীপুর থানা ও কলকাতা পুলিশ একযোগে তদন্ত শুরু করে। তদন্তে গার্ডেনরিচ-এর গোলাম আব্বাস লেনের বাসিন্দা বছর ২৭ এর হাসনীন ইকবালের নাম উঠে আসে।

এক মহিলার আইডি ব্যবহার করে মেইল পাঠিয়েছিল ঐ যুবক। তার ভারতীয় ন্যায় সংহিতার একাধিক ধারায় মামলা রুজু হয়েছে।

ooooooooooooooooooooooo

রাজ্যে বিকশিত ভারত জি রাম জি আইন খুব শীঘ্রই চালু হবে বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানিয়েছেন। মনরেগা প্রকল্পে ১০০ দিনের বদলে এই প্রকল্পের অধীনে ১২৫ দিনের কাজ সুনিশ্চিত করা হবে। বিধানসভায় গতকাল অধ্যক্ষের ঘরে তিনি বলেন, আদালতের নির্দেশে দুটি জেলায় এখনই এই প্রকল্প শুরু না করা গেলেও বাকি জেলাগুলিতে আগামী মাস থেকেই তা কার্যকর করার প্রচেষ্টা চলছে।

ooooooooooooooooooooooo

বিজেপি, দলীয় শৃঙ্খলা বজায় রাখতে প্রত্যেক জেলায় কোর কমিটি গঠনের নির্দেশ দিয়েছে। কলকাতায় গতকাল দলের সাংগঠনিক বৈঠকে বাংলার দায়িত্বপ্রাপ্ত কেন্দ্রীয় পর্যবেক্ষক - সুনীল বনসল এই নির্দেশ দেন। জেলা সভাপতিদের কোর কমিটির নির্দেশ অনুযায়ী চলার কথা বলা হয়েছে। উন্নয়নের কাজ সহ যেকোনো বিষয়ে ১৫ জনের ওই কোর কমিটির সঙ্গে আলোচনা করে যাবতীয় সিদ্ধান্ত নিতে হবে। কোনো নেতাকর্মী দল বিরোধী আচরণ করলে কঠোর ব্যবস্থা নেওয়া হবে।

এদিকে দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য জানিয়েছেন, সিন্ডিকেট, তোলাবাজি, বিরোধী দলের কার্যালয়ে দখল করার মত অপরাধমূলক কাজ বরদাস্ত করা হবে না। আপাতত অন্য দল থেকে কাউকে বিজেপি-তে যোগদান করানো হবে না। এই ধরনের খবর পেলে দলের সংশ্লিষ্ট নেতা বা কর্মীকে বহিষ্কার করা হবে।

ooooooooooooooooooooooo

সরকার, ২০১১ সালের পর থেকে রাজ্যে ইস্যু হওয়া সমস্ত জাতিগত শংসাপত্র বা কাস্ট সার্টিফিকেট পুনরায় যাচাই করার নির্দেশ দিয়েছে। রাজ্যের অনগ্রসর শ্রেণি কল্যাণ দফতরের তরফে সমস্ত জেলাশাসকদের কাছে সম্প্রতি পাঠানো এক নির্দেশিকায় বলা হয়েছে, গত ১৪ বছরে দেওয়া শংসাপত্রগুলির সত্যতা ও বৈধতা নিয়ে বিভিন্ন মহল থেকে প্রশ্ন উঠেছে। সেই কারণেই 'রি-ভেরিফিকেশন'-এর সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

সরকারি নথি অনুযায়ী, ২০১১ সালের পর থেকে তফসিলি জাতি (SC), তফসিলি উপজাতি (ST) এবং ওবিসি মিলিয়ে প্রায় ১ কোটি ৬৯ লক্ষ জাতি শংসাপত্র ইস্যু হয়েছে। দুয়ারে সরকার

শিবিরের মাধ্যমেও বিপুল সংখ্যক শংসাপত্র দেওয়া হয়েছিল। প্রশাসনের দাবি, এই সময়কালে ইস্যু করা কিছু সেকেন্ড জেনারেশন সার্টিফিকেট নিয়েও সংশয় রয়েছে।

সংশ্লিষ্ট মহকুমাশাসক (SDO) এবং জেলা স্তরের আধিকারিকরা সমস্ত শংসাপত্র খতিয়ে দেখবেন। কোথাও অনিয়ম বা ভুল তথ্যের ভিত্তিতে শংসাপত্র দেওয়া হয়ে থাকলে, আইন অনুযায়ী তা বাতিল করার প্রক্রিয়াও শুরু করা হবে।

এ ছাড়াও, সম্প্রতি ভোটার তালিকার বিশেষ সংশোধন (SIR) প্রক্রিয়ায় যাঁদের নাম বাদ পড়েছে, তাঁদের এবং তাঁদের ওপর নির্ভরশীলদের জাতিগত শংসাপত্রও পরীক্ষা করে দেখার কথা বলা হয়েছে। প্রয়োজনে সেগুলিও বাতিল করা হতে পারে।

এদিকে, ২০১১ সালের পর থেকে যেসব ভুয়ো এস সি, এস টি ফেক সার্টিফিকেট ইস্যু হয়েছে সি আই ডি-কে দিয়ে তার তদন্ত করানো হবে বলে অনগ্রসর শ্রেনী কল্যাণ ও সংখ্যালঘু বিষয়ক দপ্তরের মন্ত্রী ক্ষুদিরাম টুডু জানিয়েছেন। তিনি বলেন, এইসব ভুয়ো সংশাপত্র ব্যবহার করে যারা চাকরি পেয়েছেন বা যেসব পড়ুয়া কলেজে ভর্তি হয়েছেন তাদের বিরুদ্ধেও কড়া পদক্ষেপ নেওয়া হবে।

(বাইট-ক্ষুদিরাম টুডু)

oooooooooooooooooooooooo

ওবিসি সংরক্ষণ সংক্রান্ত মামলা প্রত্যাহার করতে চেয়ে রাজ্যে নব নিযুক্ত বিজেপি সরকারের পক্ষ থেকে আইনজীবী কুনাল মিমানি সুপ্রিমকোর্টের রেজিস্ট্রারকে গত বৃহস্পতিবার চিঠি পাঠিয়ে রাজ্যের মামলা প্রত্যাহারের জন্য জরুরি শুনানির আবেদন জানিয়েছেন। অনুরোধ করা হয়েছে মামলা জরুরি শুনানির জন্য তালিকাভুক্ত করা হোক। উল্লেখ্য ওবিসি সংরক্ষণ নিয়ে ২২ মে ২০২৪ কলকাতা হাইকোর্ট তৃণমূল কংগ্রেস সরকারের তৈরি করা ওবিসি তালিকা খারিজ করে দিয়েছিল। এবং নতুন তালিকা তৈরি করতে নির্দেশ দেওয়া হয়। সেই নির্দেশের বিরুদ্ধে সুপ্রিমকোর্টে আপিল করে তৎকালীন রাজ্য সরকার। বর্তমানে মামলাটি প্রধান বিচারপতি সূর্যকান্তের বেঞ্চে বিচারাধীন রয়েছে।

oooooooooooooooooooooooo

সদ্য শেষ হওয়া বিধানসভা নির্বাচনে প্রচার চলাকালীন একাধিকবার উষ্কানিমূলক মন্তব্য এবং হুমকি দেওয়ার দায়ে তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়ের বিরুদ্ধে বিধাননগর সাইবার ক্রাইম থানায় অভিযোগ দায়ের হয়েছে। রাজীব সরকার নামে জনৈক এক ব্যক্তি, তাঁর অভিযোগে জানিয়েছেন, গত ২৭ শে এপ্রিল মহেশতলা রোডশো-এ অভিষেক, সম্প্রীতি নষ্ট হতে পারে এমন মন্তব্য করেন। কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রীকে হুমকি দেওয়া হয় বলেও অভিযোগ পত্রে জানানো হয়েছে। অভিষেকের বক্তব্যের ভিডিও তার অফিসিয়াল ফেসবুক চ্যানেল এবং বিভিন্ন সংবাদ মাধ্যম ও পোর্টালে বারবার সম্প্রচারিত হয়েছে। এর প্রেক্ষিতেই ভারতীয় ন্যায় সংহিতার একাধিক ধারায় অবিলম্বে ব্যবস্থা গ্রহণের জন্য গত ৫ ই মে দায়ের হয়েছে এফআইআর। এর মধ্যে বেশ কয়েকটি ধারা জামিন অযোগ্য বলে জানা গেছে।

উল্লেখ্য, রাজ্য পুলিশের তরফে সম্ভবত অভিষেক বন্দ্যোপাধ্যায়ের বিরুদ্ধে এটিই প্রথম এফআইআর।

বিজেপির রাজ্যসভার সাংসদ রাহুল সিনহা বলেছেন, নির্বাচনের আগে ও পরে অভিষেক বন্দ্যোপাধ্যায় যেসব ভাষা ব্যবহার করেছেন, সেজন্য তার বিরুদ্ধে আইনী ব্যবস্থা নেওয়াই উচিত।

বাইট - রাহুল

রাজ্যে অনগ্রসর শ্রেণী কল্যাণ ও সংখ্যালঘু দপ্তরের মন্ত্রী ক্ষুদীরাম টুডু বলেছেন, যারাই প্ররোচনামূলক বক্তব্য রেখেছে, সাধারণ মানুষের বাক স্বাধীনতা কেড়ে নিয়েছে, তাদের বিরুদ্ধে সরকার কড়া পদক্ষেপ নেবে। পূর্ব বর্ধমানের কালনা গেট এলাকায় বিজেপি কর্মীরা আজ তাঁকে সম্বর্ধনা দেন। পরে সাংবাজিকদের মুখোমুখি হয়ে তিনি বলেন, দুর্নীতিমুক্ত স্বচ্ছ প্রশাসন গড়ে তোলাই বিজেপি সরকারের লক্ষ্য।

অভিষেক বন্দ্যোপাধ্যায়ের বিরুদ্ধে এফআইআর প্রসঙ্গে তৃণমূল কংগ্রেস সাংসদ দোলা সেন বলেন, চূড়ান্ত রায় সর্বদা সত্যের পক্ষেই যায়। এক্ষেত্রেও তাই হবে বলে তাঁর দৃঢ় বিশ্বাস।

oooooooooooooooooooooooo

পশ্চিম বর্ধমানের আসানসোলের জাহাঙ্গীর মহল্লায় লাউডস্পীকার ব্যবহার সংক্রান্ত সাম্প্রতিক সরকারি নির্দেশ জারি করা নিয়ে এলাকায় প্রশাসন ও স্থানীয় বাসিন্দাদের মধ্যে গতকাল তুমুল

বচসা বাধে। শুক্রবার রাতে দুটি সম্প্রদায়ের প্রতিনিধিদের নিয়ে পুলিশের বৈঠকে কিছু লোক হঠাত ইট পাটকেল ছোঁড়ে এবং আসানসোল উত্তরের পুলিশ ফাঁড়িতে চড়াও হয়।একাধিক সরকারি ও বেসরকারি যানবাহনে ব্যাপক ভাঙচুরও চালানো হয়।

আসানসোল-দুর্গাপুর পুলিশ কমিশনার প্রণব কুমার জানিয়েছেন, জমায়েত থেকে হঠাৎ করেই কিছু দুষ্কৃতী পাথর ছুড়তে শুরু করে, যার ফলে ৫ জন পুলিশ কর্মী আহত হন। বর্তমানে এলাকায় চিরুনি তল্লাশি চলছে। কমিশনার জানান, এখনও পর্যন্ত ৭ জনকে আটক করা হয়েছে। সিসিটিভি ফুটেজ দেখে প্রত্যেক হামলাকারীকে চিহ্নিত করা হচ্ছে। কাউকে ছাড়া হবে না।

বর্তমানে এলাকায় বিশাল পুলিশ পিকেট বসানো হয়েছে এবং পরিস্থিতি থমথমে থাকলেও নিয়ন্ত্রণে রয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

পুনর্নির্বাচনের আগে হুমকি, অপহরণ, খুনের চেষ্টা সহ একাধিক অভিযোগে দক্ষিন ২৪ পরগণার ফলতায় পঞ্চায়েত সমিতির সহ-সভাপতি, তৃণমূল নেতা সৈদুল খানকে গ্রেফতার করেছে পুলিশ।

সৈদুল, ফলতা বিধানসভায় তৃণমূল কংগ্রেস প্রার্থী জাহাঙ্গীর খানের ঘনিষ্ঠ বলে জানা গেছে। বিধানসভা নির্বাচনে প্রার্থীর নাম ঘোষণার পর থেকেই বিজেপি নেতাকর্মীদের হুমকি দেওয়া, অপহরণ করে মারধোর এবং প্রাণনাশের চেষ্টা করা হচ্ছিল বলে অভিযোগ। দুই ব্যক্তির লিখিত অভিযোগের ভিত্তিতে পুলিশ গত রাতে বাড়ি থেকে সৈদুল খানকে গ্রেফতার করে।

এদিকে উত্তর ২৪ পরগণার হিঙ্গলগঞ্জে এক তৃণমূল কংগ্রেস নেতার বাড়িতে লুকিয়ে থাকা বাংলাদেশী অনুপ্রবেশকারীকে পুলিশের হাতে তুলে দিয়েছেন এলাকার বাসিন্দারা। ধৃত শহিদুল গাজীর বাড়ি-বাংলাদেশের সাতক্ষীরায়।

হিঙ্গলগঞ্জে *স্যান্ডেলের বিল* গ্রাম পঞ্চায়েতের প্রাক্তন উপপ্রধান , বর্তমানে তৃণমূল কংগ্রেসের পঞ্চায়েত সদস্য জয়নাল আবেদীন ওই অনুপ্রবেশকারীকে আশ্রয় দিয়েছিল বলে অভিযোগ। অবৈধভাবে ভোটার কার্ড সহ যাবতীয় নথিও শহিদুলকে ওই নেতা তৈরি করে দেয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

কেচবিহারের সাহেবগঞ্জ থেকে আগ্নেয়াস্ত্র সহ এক জনকে গ্রেফতার করেছে পুলিশ। গোপন সূত্রে পাওয়া খবরের ভিত্তিতে নিগমনগর ঘাটপার ব্রিজ এলাকা থেকে ৬৩ বছর বয়সী গোপীনাথ সাহাকে পাকড়াও করা হয়। এলাকায় ঐ ব্যক্তি তৃণমূল কংগ্রেস কর্মী হিসাবেই পরিচিত। ধৃতের কাছ থেকে উদ্ধার হয়েছে দুটি আগ্নেয়াস্ত্র এবং এক রাউন্ড গুলি।

oooooooooooooooooooooo

স্নাতক স্তরে ভর্তির জন্য কেন্দ্রীয়ভাবে অনলাইন পোর্টালে সোমবার থেকে আবেদন জানানো যাবে। সর্বাধিক ২৫টি বিষয় ও কোর্সে আবেদন করতে পারবে এক একজন আবেদনকারী। ১ জুন পর্যন্ত রেজিস্ট্রেশন এবং আবেদন গ্রহণের প্রক্রিয়া চলবে।
'বাংলার উচ্চশিক্ষা' ওয়েবসাইটে 'সেন্ট্রালাইজড অ্যাডমিশন' অপশনে ক্লিক করে অথবা সরাসরি https://wbcap.in লিঙ্কে ক্লিক করেও পছন্দের কলেজ অথবা বিষয়ে আবেদন জানাতে পারবেন ছাত্রছাত্রীরা। আবেদনের জন্য কোন ফি দিতে হবে না। ৯ জুন কলেজ এবং বিষয় ভিত্তিক মেধাতালিকা প্রকাশ করা হবে। ৬ জুলাই শুরু হতে পারে ক্লাস। তারপর দ্বিতীয় পর্যায়ে ফাঁকা আসনের তালিকা প্রকাশ করে ভর্তি প্রক্রিয়া শুরু হবে।

oooooooooooooooooooooo

আজ ফলহারিনী কালীপুজো। ১৮৭২ খ্রিস্টাব্দে জৈষ্ঠ্য মাসের এই পুণ্য তিথিতে ঠাকুর শ্রী রামকৃষ্ণ দেব, দক্ষিণেশ্বরে মা সারদাকে ষোড়শী রূপে পুজো করেছিলেন। ফলহারিণী কালীপুজো উপলক্ষে তারাপীঠ, দক্ষিণেশ্বর ভবতারিণী মায়ের মন্দির, কামারপুকুর জয়রামবাটি সহ বিভিন্ন মন্দিরে বিশেষ পুজোর আয়োজন করা হয়েছে। পুজো হচ্ছে বেলুড় মঠেও।

ফলহারিণী কালীপুজো উপলক্ষে রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। সামাজিক মাধ্যমে এক পোস্টে মুখ্যমন্ত্রী বলেন, মা কালীর আশীর্বাদে সকলের জীবন সুখ, শান্তি, সমৃদ্ধি ও মঙ্গলময় হয়ে উঠুক।

oooooooooooooooooooooo

ইডেনে আজ আইপিএলের ম্যাচে কলকাতা নাইট রাইডার্স, গুজরাট টাইটানস এর বিরুদ্ধে খেলবে। খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়। ১২ ম্যাচে ১৬ পয়েন্ট নিয়ে গুজরাট পয়েন্ট তালিকায় দ্বিতীয়,

১১ ম্যাচে ৯ পয়েন্ট নিয়ে কলকাতা অষ্টম স্থানে রয়েছে। প্লে অফে যাওয়ার কোনরকম সম্ভাবনা জিইয়ে রাখতে হলে কেকে আর কে বাকি তিনটি ম্যাচ জিততেই হবে।

এদিকে, আজকের ম্যাচ জিতলে প্লে অফ প্রায় নিশ্চিত করে ফেলবে গুজরাট।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০০